গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
PVHP প্রকল্প
বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্তর সড়ক, ঢাকা-১০০০।

স্মারক নং-মশিবিম/পিএইচপিভি/নিয়োগ/২০২৫/০৪-২৪ তারিখঃ ০৪/০৬/২০২৫খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ''Prevention of Violence and Harmful Practices against Children and Women in Bangladesh (PVHP)'' প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্মলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন (সাকুল্যে) | পদের সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | চাইল্ড রাইটস অফিসার (Child Rights Officer) | মাসিক বেতন (সাকুল্যে): টাকা ৪০,০০০.০০ | ৬৪ (চৌষট্টি) টি | ক) ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী/সমমান।<br>খ) শিশু সুরক্ষা বিষয়ক কাজে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) MS Office এবং Internet Browsing এ অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞ ও দক্ষ হতে হবে।<br>ঙ) জাতিসংঘের আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত প্রকল্পে, বিশেষ ভাবে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথভাবে বাস্তবায়িত শিশু সুরক্ষা সম্পর্কিত প্রকল্পে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২ | কমিউনিটি হাব অর্গানাইজার (Community Hub Organizer) | মাসিক বেতন (সাকুল্যে): টাকা ২০,০০০.০০ | ২৫০ (দুইশত পঞ্চাশ) টি | ক) ন্যূনতম উচ্চ মাধ্যমিক/সমমান পাশ।<br>খ) শিশু সুরক্ষা বিষয়ক কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) MS Office এবং Internet Browsing এ অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞ ও দক্ষ হতে হবে।<br>ঙ) জাতিসংঘের আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত প্রকল্পে, বিশেষ করে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথভাবে বাস্তবায়িত শিশু সুরক্ষা সম্পর্কিত প্রকল্পে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৩ | অফিস সহায়ক (Office Assistant) | মাসিক বেতন (সাকুল্যে): টাকা ১৭৬১০.০০ | ১ (এক) টি | ক) এসএসসি/সমমান।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ করার ৮ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) জাতিসংঘের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত প্রকল্পে, বিশেষ করে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথভাবে বাস্তবায়িত শিশু সুরক্ষা সম্পর্কিত প্রকল্পে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪ | নিরাপত্তা প্রহরী (Security Guard) | মাসিক বেতন (সাকুল্যে): টাকা ১৭৬১০.০০ | ১ (এক) টি | ক) ৮ম/সমমান।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ করার ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) জাতিসংঘের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত প্রকল্পে, বিশেষ করে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথভাবে বাস্তবায়িত শিশু সুরক্ষা সম্পর্কিত প্রকল্পে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫ | পরিচ্ছন্নকর্মী (Cleaner) | মাসিক বেতন (সাকুল্যে): টাকা ১৭৬১০.০০ | ১ (এক) টি | ক) ৮ম/সমমান।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজ করার ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) জাতিসংঘের আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত প্রকল্পে, বিশেষ করে বাংলাদেশ সরকার ও ইউনিসেফের যৌথভাবে বাস্তবায়িত শিশু সুরক্ষা সম্পর্কিত প্রকল্পে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**অন্যান্য শর্তাবলী**

১. আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে www.jobs.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২৫ জুন ২০২৫ তারিখ রাত ১১.৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে।

২. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান/কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩. প্রার্থীদের বয়স ২৫/০৬/২০২৫ তারিখে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বৎসর এর মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদন গৃহীত হবে না।

৫. সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

৬. প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা যে কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. প্রার্থীর প্রাসঙ্গিক অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা যাচাই করে একটি নির্ধারিত পদ্ধতিতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে।

৮. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, এসএমএস (SMS) এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mowca.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

৯. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত/আংশিক/সম্পূর্ণ পরিবর্তন এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. প্রযোজ্য ক্ষেত্রে সাকুল্য বেতন হতে সরকারি নিয়মনীতি অনুসরণ করে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

১২. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর Website:www.mowca.gov.bd-এ পাওয়া যাবে। অথবা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল জবপোর্টাল www.jobs.gov.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ , সময় ও অন্যান্য তথ্য sms এর মাধ্যমে এবং www.mowca.gov.bd এ ওয়েবসাইট হতে জানা যাবে।

১৩. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে ০১৩৩৮৬৯৪৮৫২, ০১৩৩৮৬৯৪৮৫৩ এই নাম্বারে ফোন করে অথবা support@jobs.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject এ Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

১৪. ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশনে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. আবেদনপত্র Online-এ পূরণ ও আবেদন ফি বাবদ অফেরত যোগ্য ১১৫/- (একশত পনের) টাকা Mobile Banking/bKash/Nagad/VISA Card/Master Card এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে।

১৬. আবেদনকারীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র এবং স্থায়ী ঠিকানার স্বপক্ষে উপযুক্ত সনদসহ অন্যান্য সকল সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

১৭. চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন অঞ্চলে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।

১৮. চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ১২ মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। বার্ষিক কার্যক্রম সন্তোষজনক হলে এবং সংশ্লিষ্ট খাতে পর্যাপ্ত বরাদ্দ থাকা সাপেক্ষে চুক্তি প্রকল্প মেয়াদ পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

১৯. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৪.০৬.২০২৫

(মোঃ মাহমুদুর রহমান হাবিব)
যুগ্মসচিব ও অফিসার ইন চার্জ
PVHP প্রকল্প
ও সভাপতি, নিয়োগ কমিটি
ফোন নং-৪১০৫৩৯৩৭